# 34270 - ৮ ই যিলহজ্জ ইহরাম করার সময় হাজীগণ যে ভুলগুলো করে থাকেন

## প্রশ্ন

যিলহজ্জের ৮ তারিখ হচ্ছে- ইয়াওমুত তারবিয়া (তারবিয়ার দিন)। এই দিন আমরা দুইটি বিষয় লক্ষ্য করি:

১. লোকেরা মসজিদে হারাম থেকে হজ্জের ইহরাম বাঁধে।

২. যে ইহরামের কাপড় পরে তারা উমরার ইহরাম বেঁধেছে সে কাপড় পরে হজ্জের ইহরাম বাঁধে না।

এটা ঠিক; নাকি ভুল?

## প্রিয় উত্তর

হজ্জের ইহরাম বাঁধাকালে যে ভুলগুলো সংঘটিত হয়ে থাকে আমরা সে ভুলগুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করব:

শাইখ মুহাম্মদ বিন উছাইমীন (রহঃ) বলেন:

তারবিয়ার দিন যে ভুলগুলো সংঘটিত হয়ে থাকে সেগুলো নিম্নরূপ:

এক:

কিছু কিছু মানুষ বিশ্বাস করে যে, মসজিদে হারাম থেকে ইহরাম বাঁধা ওয়াজিব। আপনি দেখবেন, তিনি কষ্ট করে হারামে যাচ্ছেন, সেখান থেকে ইহরাম বাঁধার জন্য। এটি ভুল ধারণা। মসজিদে হারাম থেকে ইহরাম বাঁধা ওয়াজিব নয়। বরং সুন্নত হচ্ছে- হাজীসাহেব যে স্থানে থাকেন সেখান থেকে ইহরাম বাঁধা। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশে যেসব সাহাবী উমরা থেকে হালাল হয়েছেন অতঃপর তারবিয়ার দিন হজ্জের ইহরাম বেঁধেছেন তারা তো ইহরাম বাঁধার জন্য মসজিদে হারামে আসেননি। বরং প্রত্যেকে তার নিজ জায়গা থেকে ইহরাম বেঁধেছেন। এটি তো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানার ঘটনা। সুতরাং এটাই সুন্নাহ। তাই হজ্জের ইহরামকারীর জন্য সুন্নাহ হচ্ছে সে যে স্থানে থাকে সে স্থান থেকে ইহরাম বাঁধবে; চাই সেটা মক্কা হোক কিংবা মীনা হোক। কেননা বর্তমানে কিছু কিছু লোক তাদের স্থান সংরক্ষণের জন্য আগেই মীনাতে চলে যায়।

দুই:

কিছু কিছু হাজী ধারণা করে যে, উমরার ইহরামকালে যে কাপড় পরিধান করা হয়েছিল হজ্জের ইহরামকালে পরিস্কার করা ছাড়া সে কাপড় আর পরিধান করা শুদ্ধ হবে না। এটিও ভুল ধারণা। কারণ ইহরামের কাপড় নতুন হওয়া কিংবা পরিচ্ছন্ন হওয়া শর্ত নয়। এটা ঠিক, ইহরামের কাপড় যত পরিস্কার হবে তত ভাল। কিন্তু, এ ধারণা পোষণ করা যে, 'যে কাপড়ে উমরার ইহরাম করা হয়েছে সে কাপড়ে হজ্জের ইহরাম করা সহিহ হবে না' এটি ভুল। হজ্জের ইহরামকালে সংঘটিত এ ভুলগুলো এখন আমার স্মরণ হচ্ছে।